Mayor's Office for People with Disabilities

# একটি ওয়েভার অফ অ্যাক্সেসেবিলিটি (অভিগম্যতা মকুব) বেদনের জন্য প্রয়োজনীয়তাসমূহ

## 2014 নিউ ইয়র্ক সিটি বিল্ডিং কোড

যদি একজন প্ল্যান পরীক্ষক অভিগম্যতা সমস্যার কারণে আপনার বিল্ডিং প্ল্যান বাতিল করেন, আপনি দুটো জিনিস করতে পারেন: আপনার প্ল্যানগুলি সেই মতো পরিমার্জন করুন, অথবা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ বিল্ডিংসের থেকে একটি ওয়েভার (মকুব) গ্রহণ করুন ("DOB")। যদি আপনি একটি ওয়েভার (মকুব) বেছে নেন, তাহলে আপনাকে অবশ্যই আমাদের সাথে, মেয়র'স অফিস ফর পিপল উইথ ডিজেবিলিটিজ-এপরামর্শ করতে হবে ("MOPD")। আমরা তাহলে DOB -তে একটি সুপারিশ পাঠাবো।

**গুরুত্বপূর্ণ নোট**

- DOB -তে একটি আবেদন জমা দিতে হবে এবং একটি ওয়েভার অফ অ্যাক্সেসেবিলিটি (অভিগম্যতা মকুব) অনুমোদনের পূর্বে জব/আবেদন নম্বর অবশ্যই প্রাপ্ত করতে হবে।
- প্রয়োজনীয় সকল কাগজপত্র, ফর্ম, এবং ড্রয়িংগুলি স্বাক্ষর করতে হবে এবং একজন রেজিস্টার্ড আর্কিটেক্ট (RA) বা পেশাদার ইঞ্জিনিয়ার (PE) এর মত একজন রেজিস্টার্ড পেশাদারের থেকে সিলমোহর করাতে হবে।

**প্র.: MOPD -তে ওয়েভার অফ অ্যাক্সেসেবিলিটি (অভিগম্যতা মকুব) এর অনুরোধের জন্য আমার কি কি কাগজপত্র প্রয়োজন?**

- অ্যাক্সেসেবিলিটি ওয়েভার রিকোয়েস্ট ফর্ম PEO-1 (http://on.nyc.gov/peo1)।
- আবেদনকারী লিখিত কাভার লেটার (আপনার RA বা PE আবেদনকারী হিসাবে বিবেচিত)। নিচে কাভার লেটার বিভাগটি দেখুন।

- DOB তে জমা করা সকল ড্রয়িং।
- পত্তি উত্থাপিত হয়ে থাকলে, DOB-র আপত্তিপত্রের একটি প্রতিলিপি।
- ওয়েভার (মকুব) অনুরোধে বাইরের কাজ অন্তর্ভুক্ত থাকলে, সম্পত্তির দাগ, বাড়ির সামনে ও পিছনের খোলা জায়গা, এবং সঠিক মাপজোক ও টীকা সহ পাশের রাস্তা প্রদর্শন করা জমির প্ল্যান প্রদান করুন।
- ল্যান্ডমার্ক প্রিজার্ভেশন কমিশন (www.nyc.gov/landmarks) আবেদন ও অনুমোদন (প্রয়োজন হলে)।
- আপনার অনুরোধের সমর্থনে ছবি, সার্ভে, ড্রয়িং ইত্যাদি।
- যদি অর্থনৈতিক চাপের কারণে আপনি একটি ওয়েভার (মকুব) দায়ের করেন, তাহলে নিম্নলিখিত সকল তথ্য জমা করুন:
    - ব্যবসার প্রকৃতি;
    - কোম্পানিটি কি নতুন, সম্প্রসারিত হচ্ছে বা স্থানান্তরিত হচ্ছে;
    - কর্মচারীর সংখ্যা;
    - আর্কিটেক্ট, ঠিকাদার বা কোন পেশাদার এস্টিমেটর দ্বারা প্রস্তুত করা পরিকল্পিত কাজের জন্য আনুমানিক খরচ;
    - আর্কিটেক্ট, ঠিকাদার বা কোন পেশাদার এস্টিমেটর, বা সাপ্লায়ার দ্বারা প্রস্তুত করা দ্রব্যের জন্য আনুমানিক খরচ যার জন্য ওয়েভার (মকুব) চাওয়া হয়েছে; এবং
    - একজন সার্টিফায়েড পাবলিক অ্যাকাউন্ট্যান্ট দ্বারা প্রস্তুত করা আর্থিক পর্যালোচনা, আবেদনকারীর সকল ঋণ ও সম্পদগুলির নির্ণীত একটি সম্পূর্ণ হিসাব। জমা করা নথিপত্রের মধ্যে তথ্য অন্তর্ভুক্ত থাকতে হবে, যেমন: ট্যাক্স রিটার্ন (আয় ও সম্পত্তি কর), বর্তমান ব্যাঙ্ক অ্যাকাউন্টসমূহ, স্টক, বন্ড, রিয়েল এস্টেট এবং অন্যান্য হোল্ডিংস, সকল আয়ের উৎসসমূহ, সব ইনভেন্টরি, কর্মচারীদের বেতন, ঋণ, বন্ধকীগুলি, এবং হিসাবের পরিশোধযোগ্য ও প্রাপ্য অংশ।

**দ্রষ্টব্য:** প্রয়োজনীয় সকল কাগজপত্রের একটি (1) করে প্রতিলিপি প্রয়োজন।

## প্র.: কাভার লেটারে কি তথ্য প্রয়োজন?

- নিম্নলিখিত মানদণ্ডের মধ্যে একটি কারণে বিল্ডিং কোড পালন না করতে পারার কারণ ব্যাখ্যা করে একটি লিখিত বিবরণ:
    - একটি অযৌক্তিক অর্থনৈতিক বোঝা তৈরি হওয়া; অথবা
    - এর অভীষ্ট উদ্দেশ্য অর্জিত হয়নি; অথবা
    - বাস্তবিক বা আইনত অসম্ভব; অথবা
    - বিকল্পগুলির আলোকে অপ্রয়োজনীয় যা অভীষ্ট উদ্দেশ্য সাধন নিশ্চিত করে অথবা যা, নিরাপত্তা পর্যায়ে কোন ক্ষতি না করেই, আরো সুচারুরূপে, ফলপ্রসূভাবে বা অর্থনৈতিকভাবে অভীষ্ট উদ্দেশ্য সাধিত হয়; অথবা
    - একটি পরিবর্তন যার ফলে বিধির উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি সামান্য বাড়তি সুবিধা তৈরী করে।
    - নির্মাণ কর্মের একটি বিস্তারিত বিবরণ যা পরিকল্পিত হচ্ছে।
- ব্যবহার, দখল এবং বহির্গমনে কোন পরিবর্তন নির্ধারণ করুন।
- সকল কাগজপত্রের একটি তালিকা আপনার অনুরোধের মধ্যে অন্তর্ভুক্ত থাকতে হবে।

## প্র.: MOPD তে পদ্ধতিটি কি?

- জমা করা ওয়েভারটি (মকুব) অবশ্যই ডাকযোগে পাঠাতে হবে এই ঠিকানায়: The Mayor's Office for People with Disabilities, 100 Gold Street, 2nd Floor; NY, NY 10038 (আমরা ইমেল, বাক্সে জমা করা বা ফ্যাক্স মারফৎ পাঠানো গ্রহণ করি না)।
- ওয়েভার পাবার পর আমরা অনুরোধটি সাধারণত 5 – 10 কার্যদিবসের মধ্যে পর্যালোচনা করি (কার্যদিবসের মধ্যে সাপ্তাহিক ও অন্যান্য ছুটি অন্তর্ভুক্ত নয়)।

- আমরা অনুরোধটি পর্যালোচনা করব এবং DOB তে (আপনার অনুরোধ গ্রহণ করতে নতুবা অগ্রাহ্য করতে) সুপারিশ করব, অথবা আমরা আবেদনকারীর থেকে অতিরিক্ত তথ্যের জন্যও অনুরোধ জানাতে পারি।
- আমাদের সুপারিশ DOB তে করা হয়ে গেলে:
    - আমরা PEO-1 এবং সংশ্লিষ্ট ড্রয়িংগুলিতে সিলমোহর দেব।
    - আমরা PEO-1 ফর্মের একটি প্রতিলিপি আবেদনকারীর নিকট এবং সংশ্লিষ্ট DOB বরো কমিশনারকে ইমেল করে পাঠিয়ে দেব।
    - এছাড়াও আমরা আসল PEO-1 আবেদনকারীর নিকট ডাকযোগে ফিরিয়ে দেব।
- এইখান থেকে DOB অনুসরণ করা আপনার দায়িত্ব।

**প্র.: যদি আমার আবেদনটি বাতিল হয়ে যায়, MOPD তে কি কোন আপিলের প্রক্রিয়া আছে?**

- এর সহজ উত্তর হল, না। যদিও, আপনি আপনার অনুরোধের সমর্থনে অতিরিক্ত তথ্য দিয়ে আপনার আবেদনটি পুনরায় জমা করতে পারেন। একটি পুনরায় জমা করার মধ্যে উপরে উল্লেখিত প্রয়োজনীয় সকল কাগজপত্র অন্তর্ভুক্ত থাকতে হবে এবং এছাড়াও এর সাথে থাকতে হবে:
    - আমাদের মন্তব্য সহ PEO-1 ফর্মের একটি প্রতিলিপি।
    - একটি নতুন স্বাক্ষর করা এবং সিল করা PEO-1 পুনরায় জমা ফর্ম।
    - পুনরায় জমা করার বিশদ বিবরণ সহ একটি কাভার লেটার।

**প্র.: যদি ওয়েভার (মকুব) মঞ্জুর হয়, আমাকে কি তখনও আমেরিকানস উইথ ডিজেবিলিটিজ আইন (ADA) এবং অন্যান্য যুক্তরাষ্ট্রীয়, রাজ্য এবং স্থানীয় আইন মেনে চলার প্রয়োজন?**

- হ্যাঁ অন্যান্য প্রযোজ্য সকল আইন মকুব হবে না। যদি আপনার ADA কারিগরি সহায়তা প্রয়োজন হয়, আপনি (800) 504-0301 নম্বরে অতিরিক্ত সহায়তার জন্য ইউনাইটেড স্টেট অ্যাক্সেস বোর্ড এর সাথে যোগাযোগ করতে পারেন।